অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন আইন এবং শিক্ষাবিদদের সহায়তা করার জন্য জরুরি বিনিয়োগের মাধ্যমে ব্যাক-টু-স্কুল সপ্তাহ উদযাপন করেন

শিক্ষকদের কর্মদক্ষতা বৃদ্ধি এবং ধারণ সক্ষমতাকে সহায়তা করতে এম্পায়ার স্টেট টিচার রেসিডেন্সি প্রোগ্রামে অনুদানের প্রথম রাউন্ডের তহবিল 30 মিলিয়ন মার্কিন ডলার

তহবিলের যোগ্য শিক্ষক প্রার্থীদের স্নাতকোত্তর ডিগ্রির ভর্তুকি দেয়

শিক্ষকতা পেশায় পিছিয়ে থাকা প্রার্থীদের আকৃষ্ট করার জন্য প্রোগ্রামগুলোর বিকাশের জন্য স্বাক্ষরিত আইন (A68A/S2140B)

পাবলিক স্কুলগুলোয় কর্মক্ষেত্রে সহিংসতা রোধ করার জন্য প্রোগ্রাম তৈরি ও বাস্তবায়নের জন্য স্বাক্ষরিত আইন (S1746/A1120)

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে বৈচিত্র্যময় একটি শিক্ষক বান্ধব কর্মীবাহিনীকে সম্প্রসারিত ও সহায়তা করার পদক্ষেপের ঘোষণা দিয়েছেন। ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স (United Federation of Teachers)-এ একটি ইভেন্টে, গভর্নর হোকল 30 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার স্টেট টিচার রেসিডেন্সি প্রোগ্রাম (Empire State Teacher Residency Program)-এর অর্থায়নের অনুদানের প্রথম রাউন্ড ঘোষণা করেন। এছাড়াও, গভর্নর হোকল স্টেটের এডুকেশন ডিপার্টমেন্টকে শিক্ষাদান পেশায় পিছিয়ে থাকা প্রার্থীদের আকৃষ্ট করার জন্য প্রোগ্রাম তৈরির ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টগুলোতে নির্দেশিকা জারি করার নির্দেশ দেওয়ার জন্য আইনে স্বাক্ষর করেছেন এবং পাবলিক স্কুলে কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধে কর্মসূচিগুলো বিকাশ ও বাস্তবায়নের জন্য আইন প্রণয়ন করেছেন।

"শিক্ষকগণ আমাদের সন্তানদের একটি উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিতের শিক্ষিত এবং প্রস্তুত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন এবং এই গুরুত্বপূর্ণ কাজে তাদের সহায়তা করার জন্য তাদের প্রয়োজনীয় রিসোর্স এবং প্রশিক্ষণ নিশ্চিত করার দায়িত্ব আমাদের উপর বর্তায়," **গভর্নর হোকল বলেন।** "আমরা নিউ ইয়র্কে একটি বিশ্বমানের পাবলিক শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য কঠোর পরিশ্রম করছি এবং আমাদের শিক্ষকদের জন্য করা বিনিয়োগ আমাদের সাফল্যের মূল চাবিকাঠি।"

এম্পায়ার স্টেট টিচার রেসিডেন্সি প্রোগ্রামে অর্থায়নের প্রথম রাউন্ডে, একাধিক স্কুল ডিস্ট্রিক্ট এবং বোর্ডস অব কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেস (Boards of Cooperative Educational Services, BOCES) স্নাতক-স্তরের K-12 শিক্ষক প্রার্থীদের জন্য দুই বছরের বসবাসের সুযোগ তৈরিতে মোট 11.9 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন সুবিধা পাচ্ছে। প্রোগ্রামের অংশগ্রহণকারীগণ পরামর্শদাতাদের তত্ত্বাবধানে প্রকৃত শিক্ষার অভিজ্ঞতা অর্জন করবে।

গভর্নর হোকলের স্বাক্ষরিত আইন (A68A/S2140B) যা স্টেটের এডুকেশন ডিপার্টমেন্টের কমিশনারকে উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলোর সাথে স্কুল ডিস্ট্রিক্ট এবং বোর্ড অব কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেসকে নির্দেশিকা জারি করার বিষয়ে পরামর্শ করার নির্দেশ দেয় যাতে শিক্ষকতা পেশায় পিছিয়ে থাকা প্রার্থীদের আকৃষ্ট করার জন্য প্রোগ্রাম তৈরি করা যায় এবং এই ধরনের উদ্দেশ্যে স্কুল ডিস্ট্রিক্টগুলোতে প্রয়োজনীয় বিদ্যমান তহবিল নিশ্চিত করা যায়।

স্টেট সিনেটর জন লিউ বলেন, "আমাদের শিক্ষার্থীদের শিক্ষকদের ক্ষেত্রে আমাদের ছাত্র সংগঠনের বৈচিত্র্য প্রতিফলিত করা উচিত এবং নিজের চেষ্টায় বড় হও (Grow Your Own) প্রোগ্রামগুলো দক্ষ শিক্ষক নিয়োগ এবং এমন পরিবেশের প্রচার উভয়ের জন্য একটি কার্যকর পদ্ধতির প্রস্তাব দেয় যা আরো সুস্পষ্ট ধারণা, কার্যকর ফলাফল এবং উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করে। নিউ ইয়র্কের শিক্ষকদের পদমর্যাদায় বিদ্যমান বৈচিত্র্যের সম্পূর্ণ অভাবকে দূর করার জন্য নতুন এবং পিছিয়ে থাকা প্রার্থীদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট ও ধরে রাখার মাধ্যমে নিজের চেষ্টায় বড় হও উদ্যোগগুলো আমাদের শিক্ষাব্যবস্থাকে শক্তিশালী করবে। আমাদের শ্রেণীকক্ষগুলো আমাদের সকল শিশুদের একটি মানসম্মত, মৌলিক শিক্ষা প্রদানের ক্ষেত্রে সর্বোত্তম অবস্থানে রয়েছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক ক্রমাগত কাজ করছে, স্কুল বর্ষে এই দৃঢ় বার্তাটি স্পষ্ট করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলিমেম্বার নাদের সায়েগ বলেন, "আজীবনকালীন একজন শিক্ষাবিদ হিসেবে, আমি জাতি ও বর্ণগতভাবে বৈচিত্র্যময় শিক্ষকতা সংশ্লিষ্ট অনুষদ ও স্টাফের গুরুত্ব বুঝতে পারি এবং উপলব্ধি করি। শিক্ষকতা পেশায় আমাদের আনুমানিক ঘাটতি থাকলেও, আমাদের যুবকদের শিক্ষক হতে উৎসাহিত করার সময় এসেছে এবং বিশেষ করে যারা পিছিয়ে থাকা কমিউনিটিতে রয়েছে। স্থানীয় এবং স্টেটীয় শিক্ষক সংস্থাগুলো কর্তৃক সমর্থিত আমার আইন "নিজের চেষ্টায় বড় হও উদ্দ্যোগ" (সায়েগ A.0068) এগুলো নিষ্পন্ন করবে। এই আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই বিশেষ করে যখন আমাদের শিক্ষার্থীরা অ্যাকাডেমিকভাবে অনুদান করা স্কুলবর্ষে পুনরায় আসে।"

এছাড়াও গভর্নর হোকল (S1746/A1120) আইনে স্বাক্ষর করেছেন যার জন্য পাবলিক স্কুল ডিস্ট্রিক্টগুলোকে কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধ করার জন্য অন্যান্য সরকারি নিয়োগকর্তাদের সাথে সারিবদ্ধভাবে প্রোগ্রামগুলোর বিকাশ ও বাস্তবায়ন করতে হবে।

স্টেটের সিনেটর জেসিকা রামোস বলেন, "পাবলিক স্কুলের দুইজন শিশুর মা হিসেবে, আমি জানি যে শিক্ষাবিদদের নিরাপত্তাই শুধুমাত্র শিক্ষার্থীদের নিরাপত্তার উন্নতি ঘটায়। পাবলিক স্কুলের শিক্ষক, প্রশাসক এবং সহায়তা কর্মীগণ নিরাপদ এবং যত্নশীল শিক্ষার পরিবেশ নিশ্চিত করার জন্য সক্রিয়ভাবে পদক্ষেপ গ্রহণের সক্ষমতার জন্য কথা বলছেন এবং আমি সম্মানিত যে

আমি এই বিলটিকে সর্বশেষ লাইনটি জুড়ে দিয়ে চালু করার ক্ষেত্রে ভূমিকা পালন করতে পারি। আমাদের শিশুদের স্কুলকে বিশেষ করে তোলে এমন কর্ম ব্যবস্থাকে স্বীকৃতি ও মূল্যায়ন করে স্কুলবর্ষ শুরু করতে সাহায্য করার জন্য ধন্যবাদ, গভর্নর হোকল।”

এম্পায়ার স্টেট টিচার রেসিডেন্সি প্রোগ্রামে অর্থায়নের অনুদানের প্রথম রাউন্ড নিম্নরূপ:

- **ইস্টার্ন সাফোক BOCES -** 153 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তায় 51টি স্কুল ডিস্ট্রিক্টের সাথে অংশীদারিত্ব করতে 4,590,000 মার্কিন ডলার।
- **অ্যালবানি সিটি স্কুল ডিস্ট্রিক্ট** - 5 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 150,000 মার্কিন ডলার।
- **চ্যাথাম সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট -** 1 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 30,000 মার্কিন ডলার।
- **ওয়ারেন্সবার্গ সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট -** 2 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 52,000 মার্কিন ডলার।
- **মনরো 2 অরলিন্স BOCES -** 120 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 3,600,000 মার্কিন ডলার।
- **রচেস্টার সিটি স্কুল ডিস্ট্রিক্ট -** 40 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 1,160,000 মার্কিন ডলার।
- **ইউতিতা সিটি স্কুল ডিস্ট্রিক্ট -** 10 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 300,000 মার্কিন ডলার।
- **আলস্টার BOCES -** 9 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 269,595 মার্কিন ডলার।
- **রকল্যান BOCES -** 10 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 300,000 মার্কিন ডলার।
- **সিরাকিউজ সিটি স্কুল ডিস্ট্রিক্ট -** 50 জন শিক্ষক পেশার বাসিন্দাকে সহায়তা করার জন্য 1,500,000 মার্কিন ডলার।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার প্রোগ্রাম (Department of Labor Program) যা গত অক্টোবরে চালু হয়েছে যেটি শিক্ষক পেশার বাসিন্দাদের ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রির জন্য অর্থায়নের মাধ্যমে শিক্ষামূলক কর্মশক্তিতে বৈচিত্র্যের প্রচার করার একটি প্রচেষ্টার অংশ। এটি ইংরেজি, বিশেষ শিক্ষা, দ্বিভাষিক শিক্ষা, ক্যারিয়ার এবং কারিগরি শিক্ষার পাশাপাশি আরো অনেক কিছু সহ বিভিন্ন বিষয়ে উচ্চ-প্রয়োজনীয় অঞ্চলে শিক্ষক ঘাটতি পূরণ করে।

বাড়তি আসন্ন পুরস্কারগুলো একটি রোলিং ভিত্তিতে ঘোষণা করা হবে। নির্বাচিত প্রোগ্রামগুলো পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট এবং/অথবা BOCES-কে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY), সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (CUNY) এবং/অথবা প্রাইভেট কলেজগুলোর সাথে সংযুক্ত করে। প্রোগ্রামগুলো বই ও ফি, আবাসিক মজুরি ও সুবিধা এবং জীবনযাত্রার ব্যয় মেটানোর জন্য উপবৃত্তি প্রদান সহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী প্রার্থীদের শেখানোর জন্য স্বল্প বা বিনামূল্যের

শিক্ষাদানের জন্য তহবিল ব্যবহার করতে পারে। এই উপবৃত্তিগুলো বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের উচ্চাকাঙ্ক্ষী শিক্ষকদের পেশায় সহজে প্রবেশের সুযোগ নিশ্চিত করে।

টিচার রেসিডেন্সি প্রোগ্রামগুলো শিক্ষক ধরে রাখার হার বাড়াতে এবং নতুন শিক্ষাবিদদের অভিজ্ঞতা উন্নত করার সুনাম ধরে রেখেছে। অভাবের সম্মুখীন হওয়া ভৌগলিক অবস্থানে কাজ করার জন্য ব্যয় কমিয়ে এবং শিক্ষকদের উদ্বুদ্ধ করার মাধ্যমে এই প্রোগ্রামগুলো প্রায়শই বাধার সম্মুখীন হওয়া কমিউনিটিগুলোতে অ্যাক্সেস সম্প্রসারিত করে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "শিক্ষকগণ আমাদের কর্মশক্তি নিশ্চিতকরণ পাইপলাইনের একটি গুরুত্বপূর্ণ উপাদান। এই শিক্ষাবিদগণ প্রায়শই শিক্ষার্থীদের প্রাথমিক ক্যারিয়ার অন্বেষণে অনুপ্রাণিত করে যারা আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের কর্ণধার। আমাদের শিক্ষা ব্যবস্থাকে উন্নত করে এমন উদ্ভাবনী কর্মসূচিকে সমর্থন করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক এর চ্যান্সেলর জন কিং বলেন, "প্রত্যেক শিক্ষার্থীই সেই সকল শিক্ষকের নিকট থেকে শিক্ষা গ্রহণের অধিকার রাখে যারা তাদের (শিক্ষার্থীদের) কৃতিত্ব অর্জনের নতুন উচ্চতায় নিয়ে যায় যা তারা হয়তো কোনোদিন ভাবতে পারেনি। আমার ক্ষেত্রে জনাব অস্টারওয়েল ছিলেন সেই মর্যাদার শিক্ষক এবং ব্রুকলিনের ক্যানারসিতে P.S. 276-এ টিমের সাথে মিলে স্কুলটিকে তিনি একটি নিরাপদ জায়গা হিসেবে গড়ে তুলেছিলেন এবং আরো পড়াশোনা করার জন্য আমার মনকে বিকশিত করার পাশাপাশি শেষ পর্যন্ত, শিক্ষা ক্ষেত্রে আমার ক্যারিয়ার গঠনে প্রেরণা জুগিয়েছেন। স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) হলো স্টেটের সর্ববৃহৎ শিক্ষক-প্রস্তুতিমূলক সেবাদানকারী এবং জীবনের সকল স্তরের শিক্ষাবিদদের এবং তারা যে শিক্ষার্থীদের অনুপ্রাণিত করে তাদের সমর্থন করার জন্য আমরা গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গি কার্যকরে সাহায্য করতে পেরে গর্বিত বোধ করি।"

সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক এর চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস রদ্রিগেজ বলেন, "একটি ইউনিভার্সিটি হিসেবে যেটি নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোর জন্য প্রতি বছর এক-তৃতীয়াংশ নতুন শিক্ষককে শিক্ষাদান করে এবং অধ্যয়নের অন্যান্য ক্ষেত্রের তুলনায় শিক্ষায় আরো বেশি স্নাতক ডিগ্রি প্রদান করে, সেই বিবেচনায় এম্পায়ার স্টেট টিচার রেসিডেন্সি প্রোগ্রামের সাফল্য নিশ্চিত করতে সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) তার দায়িত্বটি পালন করবে। আমাদের স্টেটের পাবলিক স্কুলে বৈচিত্র্যময় এবং সুদক্ষ শিক্ষকের ঘাটতি মেটাতে, উচ্চ-মানের পাবলিক K-12 শিক্ষাদান এবং শিক্ষকতা পেশাকে এগিয়ে নেওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে দৃঢ় করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে CUNY গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্সের প্রেসিডেন্ট মেলিন্ডা পার্সন বলেন, "আমরা আমাদের সকল শিক্ষার্থী এবং কর্মীদের মানসিক, শারীরিক এবং আবেগীয় পরিস্থিতি পর্যালোচনা করার মাধ্যমে স্টেট জুড়ে আমাদের স্কুলগুলোকে যথোপযুক্ত করার জন্য সফলভাবে লড়াই করেছি। তাই আমাদের শিক্ষার পরিবেশকে নিরাপদ স্থান হিসেবে সংরক্ষণের ব্যাপারে আমাদেরকে সক্রিয় থাকতে হবে। আজকের কার্যক্রমগুলো পিতামাতা এবং সন্তানদের

আত্মবিশ্বাস জোগাবে কারণ আমাদের শ্রেণীকক্ষগুলো তাদের কাঙ্খিত সাফল্য অর্জনের জন্য তাদেরকে তৈরি করছে এবং তারা শিক্ষাবিদদের দেখায় যে নিউ ইয়র্ক টেকসই ও আকর্ষণীয় ক্যারিয়ার যেখানে তারা উন্নতি করতে পারে সেটিকে সমর্থন করার বিষয়ে যত্নশীল।"

ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স এর সভাপতি মাইকেল মুলগ্রু বলেন, "আমাদের বৈচিত্র্যই আমাদের সবচেয়ে বড় শক্তি। এই গুরুত্বপূর্ণ কাজটি করার জন্য আমাদের বাড়তি সরঞ্জাম সরবরাহের জন্য আমরা অ্যালবেনিতে গভর্নর এবং আমাদের পাবলিক এডুকেশন সহযোগীদের ধন্যবাদ জানাই।"

এটি শিক্ষক ঘাটতি মেটানোর জন্য গভর্নর হোকলের শীর্ষ-নেতৃস্থানীয় শিক্ষা উদ্যোগের উপর ভিত্তি করে তৈরি করা যার মধ্যে 24 অর্থবর্ষের বাজেটে শিক্ষার জন্য স্কুল এইডে 34.5 বিলিয়ন মার্কিন ডলার সহ অভূতপূর্ব সমর্থন রয়েছে। বাজেটে ফাউন্ডেশন এইডের জন্য 24 বিলিয়ন মার্কিন ডলারও হিসাবভুক্ত রয়েছে যা ইতিহাসে প্রথমবারের মতো ফাউন্ডেশন এইডকে সম্পূর্ণ অর্থায়ন করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি নিশ্চিত করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418